

প্রেস বিজ্ঞপ্তি

২৬ জুন ২০২৪

অপরাধের নির্মূলে পারিবারিক শিক্ষার কোন বিকল্প নেই

- বাউবি উপাচার্য

শুধু আইন করে নয়, যৌন নির্যাতনসহ সকল অপরাধ নির্মূলে পারিবারিক শিক্ষা, মানুষ হিসেবে মূল্যবোধ সৃষ্টি, পারস্পরিক সম্প্রতি ও নৈতিকতাকে গুরুত্ব দিতে হবে। সবার আগে প্রয়োজন শৈশব থেকেই শিশুকে সচেতন, ব্যক্তিত্বসম্পন্ন, উন্মুক্ত আলোচনার সুযোগসহ বিজ্ঞান মনস্ক, মানবিক মানুষ হিসেবে গড়ে তোলা। অপরাধ নির্মূলে পারিবারিক শিক্ষার কোন বিকল্প নেই। আইন কী পেরেছে সমাজ থেকে অপরাধ নির্মূল করতে? একদিকে আইন তৈরি হচ্ছে অন্যদিকে অপরাধীরা অপরাধের ধরন পাল্টাচ্ছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা ফজিলাতুল্লাহা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে ২৬ জুন ২০২৪; বুধবার বাউবি যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে গঠিত অভিযোগ কমিটি ও আইকিউএসির যৌথ উদ্যোগে “শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে যৌন হয়রানি: প্রতিরোধ ও প্রতিকার” শীর্ষক সেমিনারে প্রধান অতিথি বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এসব কথা বলেন। যৌন নির্যাতনকে তিনি সমাজের ক্যান্সার হিসেবে উল্লেখ করে বলেন, এখনই সময় এই ক্যান্সার নির্মূলে সর্বত্রই জোড়ালো পদক্ষেপ গ্রহণ করা। সৌহার্দ্যপূর্ণ পরিবেশের মাধ্যমে কর্মক্ষেত্রে আরো প্রাঞ্জল ও কর্মময় করার আহবান জানান উপাচার্য।



সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

অনুষ্ঠানের সভাপতি বাউবির উপ উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন বলেন, যৌন নিপীড়ন প্রতিরোধে বাউবিতে বেশ কিছু পদক্ষেপ নেয়া হয়েছে। জেন্ডার পলিসি এবং বুলিং নিয়েও কাজ হচ্ছে। এছাড়াও যৌন নিপীড়নে সহকর্মীদের করণীয়, বাউবির বিভিন্ন প্রেক্ষাপট, কমিটির লক্ষ্য উদ্দেশ্য ও কার্যক্রম, ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কেও বিস্তার আলোচনা করেন ড. মাহবুবা নাসরীন।

সেমিনারে রিসার্চপার্সন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. সানজিদা আখতার জেন্ডার সমতা, যৌন সহিংসতা, হয়রানি, সমলিঙ্গের আচরণ, যৌন সহিংসতার ধরন, কর্মক্ষেত্রে ও শিক্ষা প্রতিষ্ঠানে করণীয় সম্পর্কিত নানা চিত্র উপস্থাপন করেন। অন্য রিসার্চপার্সন বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র এ্যাডভোকেট মো. মোতাহার হোসেন সাজু কর্মক্ষেত্রে যৌন নিপীড়নে ভিকটিমের করণীয়, এদেশে প্রচলিত আইন-প্রশাসন, মামলার ধরণ, আলামতসহ ব্যক্তিগত নানা অভিজ্ঞতা তুলে ধরেন।

সেমিনারে আরো উপস্থিত ছিলেন বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ। এছাড়াও দেশের বিভিন্ন প্রান্ত থেকে ভার্সুয়ালি যুক্ত ছিলেন বাউবির আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্যে রাখেন প্রশাসন বিভাগের উপ-পরিচালক (আইন) ও বাউবির যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে গঠিত অভিযোগ কমিটি সদস্য সচিব নুর-ই-জান্নাত। অনুষ্ঠান সঞ্চালনা করেন সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের শিক্ষক টুঙ্গা রানী দে।

বৈঠক

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)